

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 20-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM Modi -South Korean President:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়্যা দিল্লিতে দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রপতি লি জে মিয়ং-এর সঙ্গে আলোচনা করবেন। দুই নেতা জাহাজ নির্মাণ, বাণিজ্য, বিনিয়োগ, কৃত্রিম বুদ্ধিমত্তা, সেমিকন্ডাক্টর, অত্যাবশ্যকীয় এবং উদীয়মান প্রযুক্তি, জনগণের মধ্যে সংযোগ এবং সাংস্কৃতিক আদান-প্রদানের মতো বিস্তৃত ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদার করার বিষয়ে আলোচনা করবেন। তাঁরা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়েও মতবিনিময় করবেন। প্রধানমন্ত্রী সফররত এই বিশিষ্ট অতিথির সম্মানে মধ্যাহ্নভোজের আয়োজন করবেন। রাষ্ট্রপতি লি জে মিয়ং ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গেও আলোচনা করবেন। উল্লেখ্য, দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রপতি লি প্রথমবারের মতো তিন দিনের ভারত সফরে গতকাল নয়্যা দিল্লিতে এসে পৌঁছেছেন। তাঁর সঙ্গে রয়েছেন, ফার্স্ট লেডি কিম হেয়া কিউংসহ মন্ত্রী, পদস্থ আধিকারিক ও ব্যবসায়ী নেতাদের নিয়ে গঠিত এক উচ্চ-পর্যায়ের প্রতিনিধিদল।

IEC-CB:

গর্ব ও স্বীকৃতির এক উজ্জ্বল মুহূর্তে, ত্রিপুরা জাতীয় স্তরের চিন্তন শিবিরে 'আই.ই.সি-সি.বি কার্যক্রমে শীর্ষ রাজ্য' বিভাগের অধীনে সেরা পারফর্মিং রাজ্য" হিসেবে সম্মানিত হয়েছে। আইইসি-সিবি কার্যক্রমে শীর্ষস্থান অর্জনের জন্য এই

পুরস্কার প্রদান করা হয়। সম্প্রতি মহারাষ্ট্রের পুনেতে এক অনুষ্ঠানে ন্যাশনাল হেলথ অথরিটি এই পুরস্কারটি প্রদান করে। এই মর্যাদাপূর্ণ স্বীকৃতি ত্রিপুরার তথ্য, শিক্ষা ও যোগাযোগ এবং সক্ষমতা বৃদ্ধির উদ্যোগকে আরও শক্তিশালী করার ধারাবাহিক প্রয়াসকে তুলে ধরে। এই সাফল্য ভবিষ্যতে স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থাকে আরও শক্তিশালী করার জন্য নতুন উদ্ভাবন ও নিষ্ঠাকে অনুপ্রাণিত করবে। আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশনের পক্ষ থেকে গতকাল এই সংবাদ জানানো হয়েছে।

Governor Greetings:

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু 'গড়িয়া পূজা' উপলক্ষে রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাজ্যপাল বলেন, গড়িয়া পূজা ত্রিপুরার অন্যতম প্রধান উৎসব, ভগবান গড়িয়াকে গৃহস্থালির এক কল্যাণময় সত্ত্বা হিসেবে গণ্য করা হয়। গড়িয়া ভক্তি ও সমৃদ্ধির প্রতীক। এই উৎসব রাজ্যের জনগণের মাঝে আনন্দ, সুখ, ভালোবাসা এবং ভ্রাতৃত্ববোধ বয়ে আনুক-এই প্রত্যাশা করেন রাজ্যপাল।

MGN-Rega:

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, এম. জি এন রেগা প্রকল্পে শ্রমিকদের সময়মতো কাজের যোগান দেওয়া এবং দ্রুত মজুরি প্রদান করাই সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইনের বাস্তবায়ন পর্যালোচনা করার জন্য রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির গ্রামোন্নয়ন মন্ত্রীদের সঙ্গে গতকাল ভার্চুয়ালি বৈঠকে তিনি একথা বলেন। বৈঠকে 'বিকশিত ভারত-রোজগার নিশ্চয়তা এবং 'আজীবিকা মিশন

(গ্রামীণ)' চালুর জন্য রাজ্যগুলির প্রস্তুতিও মূল্যায়ন করা হয়। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, মহাত্মা গান্ধী এনআরইজিএ-র অধীনে মাঠ পর্যায়ে কাজ অবশ্যই নির্বিঘ্ন ও নিরবচ্ছিন্নভাবে চলতে হবে।

World Liver Day:

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা নাগরিকদের নিজ নিজ স্বাস্থ্যের দায়িত্ব নিতে এবং সুস্থ যকৃৎ বা লিভার ও স্বাস্থ্যকর ভবিষ্যতের জন্য প্রতিদিন আরও ভালো সিদ্ধান্ত নিতে আহ্বান জানিয়েছেন। গতকাল বিশ্ব যকৃৎ দিবসে সামাজিক মাধ্যমে শ্রী নাড্ডা বলেছেন, সুস্থ জীবনের চাবিকাঠি হলো সুস্থ যকৃৎ। তিনি নাগরিকদের মানবদেহকে প্রতিদিন সুস্থ ও সচল রাখতে যকৃতের গুরুত্বপূর্ণ ভূমিকার কথাও স্মরণ করিয়ে দেন। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী বলেন যে, পুষ্টির খাবার খাওয়া, পর্যাপ্ত পরিমাণে জল পান করা এবং শারীরিকভাবে সক্রিয় থাকার মতো সাধারণ অভ্যাসগুলি জীবনে বড় পরিবর্তন আনতে পারে।

Chardham Yatra:

উত্তরাখণ্ডে, উত্তরকাশী জেলায় অবস্থিত শ্রী গঙ্গোত্রী এবং যমুনোত্রী মন্দিরের দ্বার অক্ষয় তৃতীয়া উপলক্ষে গতকাল ভক্তদের জন্য খোলা হয়েছে। গঙ্গোত্রী মন্দিরের দ্বার দুপুর ১২:১৫ মিনিটে এবং যমুনোত্রী মন্দিরের দ্বার দুপুর ১২:৩৫ মিনিটে খোলা হয়েছে। উল্লেখ্য রাজ্যেও গতকাল চার ধাম যাত্রা আনুষ্ঠানিকভাবে শুরু হয়।

BNSS-West Tripura:

জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে পশ্চিম ত্রিপুরার জেলাশাসকের বিজ্ঞপ্তিতে সদর এবং মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় রাত ৮টা থেকে পরের দিন ভোর ৫টা পর্যন্ত সময়ে সাধারণ মানুষের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩-এর ১৬৩ নং ধারা অনুযায়ী এই বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এই আদেশ আজ থেকে ১৯ জুন পর্যন্ত বলবৎ থাকবে।

Iran denies peace talks with US:

মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে দ্বিতীয় দফা শান্তি আলোচনায় যোগ দিতে অনিচ্ছার কথা জানিয়েছে ইরান। মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের বক্তব্যও এর মাধ্যমে খন্ডন করেছে ইরান। মার্কিন রাষ্ট্রপতি দাবি করেছিলেন, মার্কিন প্রতিনিধিরা আলোচনার জন্য আজ রাতেই পাকিস্তানে পৌঁছাবেন। ইরানের সরকারি সংবাদ সংস্থা ইরনা এই অস্বীকৃতির জন্য ওয়াশিংটনের চলমান নৌ অবরোধসহ একগুচ্ছ কারণের কথা উল্লেখ করেছে।

Finance Minister:

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল উদয়পুরের রাজারবাগ পঞ্চায়েত চৌমুহনী এলাকায় নবনির্মিত প্রাইমারি এগ্রি মার্কেটে ব্যবসা করার জন্য ৩৬ জন ব্যবসায়ীকে সরকারি দোকান ঘর প্রদান করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের প্রধান শীতল চন্দ্র মজুমদার, গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।
